ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৩০৭২
আগরতলা, ২৬ সেপ্টেম্বর, ২০২৫

**বর্তমানে জনজাতি অংশের জনগণ সব দিক দিয়ে এগিয়ে চলেছেন ঃ জনজাতি কল্যাণমন্ত্রী**

শুধুমাত্র পুঁথিগত বিদ্যা নয়, যুবক-যুবতীদের আত্মনির্ভর হওয়ার লক্ষ্যে বিভিন্ন ক্ষেত্রে দক্ষতা অর্জন করতে হবে। তবেই রাজ্যকে আত্মনির্ভর ও শ্রেষ্ঠ রাজ্য হিসেবে গড়ে তোলা সম্ভব হবে। জনজাতি কল্যাণ মন্ত্রী বিকাশ দেববর্মা আজ প্রজ্ঞাভবনের ৩নং হলে প্লাস্টিক প্রক্রিয়াকরণে মেশিন অপারেটর সহকারীদের প্রশিক্ষণ শিবিরের উদ্বোধন করে একথা বলেন। জনজাতি কল্যাণ দপ্তর এই প্রশিক্ষণ শিবিরের আয়োজন করে।

এই প্রশিক্ষণ শিবিরে ইনস্টিটিউট অব ড্রাইভিং ট্রেনিং এন্ড রিসার্চ থেকে সদ্য মোটর ড্রাইভিং-এ প্রশিক্ষণপ্রাপ্ত ৩১ জন জনজাতি যুবককে ইন্ডিয়ান ইউনিয়ন ড্রাইভিং লাইসেন্স ও শংসাপত্র দেওয়া হয়। এছাড়া সেন্ট্রাল ইনস্টিটিউট অব প্যাট্রোক্যামিকেলস ইঞ্জিনীয়ারিং এন্ড টেকনোলজি থেকে প্লাস্টিক প্রক্রিয়াকরণ প্রশিক্ষণে সফল ১৪ জন জনজাতি যুবক-যুবতীকে সংবর্ধনা জ্ঞাপন করা হয়। এই ১৪ জন রাজ্য ও বহির্রাজ্যের বিভিন্ন সংস্থায় কর্মসংস্থানের সুযোগ পেয়েছেন। প্রশিক্ষণ শিবিরে জনজাতি কল্যাণ মন্ত্রী বিকাশ দেববর্মা বলেন, যুবক-যুবতীগণ দেশের ভবিষ্যৎ। দক্ষতা ছাড়া কোন জাতি বা দেশ এগিয়ে যেতে পারে না। তাই প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি এবং মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা দক্ষতা উন্নয়নের উপর গুরুত্বারোপ করেছেন। তিনি বলেন, বর্তমান যুগ প্রযুক্তির যুগ। এর সঙ্গে সামঞ্জস্য রেখে আমাদের এগিয়ে যেতে হবে। তাই শুধু জনজাতি অংশের যুবক-যুবতী নয়, অন্যান্য সম্প্রদায়ের যুবক-যুবতীদেরও দক্ষতা অর্জনে এগিয়ে আসতে হবে। এজন্য চাই শান্তি। শান্তি ছাড়া উন্নয়ন সম্ভব নয়। তিনি বলেন, জনজাতি কল্যাণে রাজ্য সরকার আন্তরিক রয়েছে। খুব শীঘ্রই ৫০০ জন জনজাতি যুবকের মধ্যে অটো প্রদান করা হবে। বর্তমানে জনজাতি অংশের জনগণ সবদিক দিয়ে এগিয়ে চলেছেন। আগে রাজ্যে শুধু ৪ টি একলব্য মডেল আবাসিক বিদ্যালয় ছিল। বর্তমানে রয়েছে ২১টি।

প্রশিক্ষণ শিবিরে পরিবহণ দপ্তরের কমিশনার সুব্রত চৌধুরী বলেন, চিফ মিনিস্টার ট্রাইবেল ডেভেলপমেন্ট মিশনে জনজাতি যুবক যুবতীদের মোটর ড্রাইভিং-এর প্রশিক্ষণ দেওয়া হচ্ছে। ২০২৩ সাল থেকে এনআইটি সংলগ্ন আইডিটিআর সংস্থা থেকে এখন পর্যন্ত ৫০০ জনকে মোটর ড্রাইভিং-এর প্রশিক্ষণ দেওয়া হয়েছে। এর মধ্যে ৯০ জন যুবতী রয়েছে। প্রায় ১৪ কোটি টাকা ব্যয়ে এই সংস্থাটি এখানে গড়ে তোলা হয়েছে। সিআইপিইটি-র যুগ্ম অধিকর্তা পি বিজয়া কুমার বলেন, রাজ্য সরকার ২০১৭ সালে বোধজংনগরে এই প্লাস্টিক প্রক্রিয়াকরণ সংস্থা গড়ে তোলে। দেশে এরূপ ৪০টি সংস্থা রয়েছে। এখন পর্যন্ত ২০০ জন যুবক-যুবতীকে এবিষয়ে প্রশিক্ষণ দেওয়া হয়েছে। খুব শীঘ্রই ৯০ জনের প্রশিক্ষণের কাজ শুরু হবে। এছাড়া বক্তব্য রাখেন আইডিটিআর-এর অধ্যক্ষ কনোজ দেববর্মা। অনুষ্ঠান শুরুর আগে জনজাতি কল্যাণ মন্ত্রী সহ অতিথিগণ ভগবান বীরসা মুন্ডার প্রতিকৃতিতে পুষ্পার্ঘ অর্পণ করে শ্রদ্ধা জ্ঞাপন করেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জনজাতি কল্যাণ দপ্তরের অতিরিক্ত সচিব তথা অধিকর্তা শুভাশিষ দাস, জনজাতি কল্যাণ দপ্তরের অতিরিক্ত অধিকর্তা কেশব কর।

******